



খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌবাহিনী, খুলনা
পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি



খুলিলি/ প্রশা - ২১৮/ ৩৭৪

১২ অক্টোবর ২০২৬

১। বাংলাদেশ নৌবাহিনী পরিচালিত খুলনা শিপইয়ার্ড লিমিটেডের জন্য নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক হিসেবে নিয়োগের লক্ষ্যে উপযুক্ত প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। বিস্তারিত বিবরণ নিম্নে প্রদান করা হলোঃ

পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন	৩১/১০/২০২৬ এ বয়স সীমা
ইমাম	০১ (এক) টি	শিক্ষাগত যোগ্যতাঃ ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল পাশ অথবা কওমি মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে দাওরায়ে হাদিস (তাকমিল ফিল হাদিস)/ ইফতা বিভাগে উচ্চতর শিক্ষা (মুফতি) উত্তীর্ণ। ২। হাদিস বিভাগে উচ্চতর শিক্ষা (মুহাদিস)। বিঃদ্রঃ হাফেজে কুরআন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। অভিজ্ঞতাঃ ১। পাঁচ ওয়াক্ত নামাজ, জুম্মার বয়ানে কোরআন ও সুন্নাহর আলোকে বিষয়ভিত্তিক গঠনমূলক আলোচনায় পারদর্শী হতে হবে। ২। তারাবীহ ও ঈদের নামাজ সুষ্ঠুভাবে পরিচালনার সক্ষমতা থাকতে হবে। ৩। ইসলামী শরিয়াহ ও মাসআলা-মাসায়েল ও ফিকহ বিষয়ে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। ৪। সুমধুর কণ্ঠে কুরআন তিলাওয়াত ও প্রভাবশালী খুতবা প্রদানে দক্ষ হতে হবে। ৫। উত্তম চরিত্র, আমানতদারীতা, তাকওয়া ও সুন্নাহ ভিত্তিক জীবনযাপনে অভ্যস্ত হতে হবে। ৬। মসজিদের ধর্মীয় ও প্রশাসনিক কার্যক্রমে আন্তরিকভাবে দায়িত্ব পালনে আগ্রহী হতে হবে।	খুলিলির চুক্তিভিত্তিক বেতন কাঠামো অনুযায়ী	অনুর্ধ্ব ৪০ বছর (অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)

২। শর্তাবলী :

ক। প্রার্থীকে ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা বরাবর আবেদন করতে হবে। আবেদনে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, বোর্ড, বিভাগ/জিপিএসহ) এবং অভিজ্ঞতা উল্লেখ্য করতে হবে। “ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, খুলনা” এর অনুকূলে তফশিলভুক্ত যে কোন ব্যাংক হতে টাকা ৩০০.০০ (তিনশত মাত্র) এর অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

খ। খামের উপর আবেদনকৃত পদের নাম এবং বিজ্ঞপ্তির সূত্র নম্বর উল্লেখ করতে হবে।

গ। আবেদন পত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা রঙ্গিন পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয় পত্র ও অভিজ্ঞতার সনদপত্র (ফটোকপি) দাখিল করতে হবে। পরীক্ষার দিন আবেদন পত্রের সাথে দাখিলকৃত সকল সনদপত্রের মূলকপি সাথে আনতে হবে।

ঘ। প্রার্থীর আবেদনপত্র অবশ্যই আগামী ২৯ অক্টোবর ২০২৬ তারিখ বিকাল ৪:৩০ ঘটিকার মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা বরাবর পৌঁছাতে হবে।

ঙ। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

চ। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও বিবাহিত হতে হবে।

ছ। যে সকল আবেদনকারীর আবেদন প্রাথমিক বাছাইয়ের পর গ্রহণযোগ্য বিবেচিত হবে, তাদেরকে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অবহিত করা হবে। তবে, পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।

জ। প্রাথমিক বাছাই এবং চূড়ান্ত পরীক্ষায় প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে খুলিলি এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং খুলিলি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

ঝ। কোন প্রার্থী খুলিলির চাকুরি থেকে বহিস্কৃত হলে তিনি চাকুরিতে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবেন।

ঞ। এই বিজ্ঞপ্তি সংশোধন/ বাতিল/ প্রত্যাহারের সর্বশেষ অধিকার খুলিলি সংরক্ষণ করে।

ট। অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ/ যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না।

ব্যবস্থাপনা পরিচালক